তারিখ: 30 SEP 2016
পৃষ্ঠা ........ কলাম ........

দৈনিক
আমাদের সময়

আমাদের সময়

# পাবনায় স্কুলছাত্রকে শ্বাসরোধে হত্যা

পাবনা প্রতিনিধি •

দরিদ্র ঘরের সন্তান ইমন হোসেন (১২)। লেখাপড়ার খরচ যোগাতে ও পরিবারকে সাহায্য করতে বাবা আয়েন উদ্দিনের ভ্যানগাড়ি চালিয়ে টাকা আয় করত ইমন। ওই টাকা আয় করতে গিয়ে লাশ হয়ে ফিরতে হলো তাকে। গত বুধবার রাতের কোনো এক সময় দুর্বৃত্তরা তাকে শ্বাসরোধে হত্যা করে। পুলিশ গতকাল বৃহস্পতিবার ভিটবিলা গ্রামের রাস্তার পাশ থেকে তার লাশ উদ্ধার করে। সে পাবনার সুজানগর উপজেলার কাতিয়ান গ্রামের আয়েন উদ্দিনের ছেলে ও কাদোয়া স্কুলের ষষ্ঠ শ্রেণির ছাত্র। সুজানগর থানার ওসি নুর ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ইমন দরিদ্রতার কারণে লেখাপড়ার পাশাপাশি বাবার ভ্যানগাড়ি চালিয়ে পড়াশোনার খরচ জোগাত। বুধবার সন্ধ্যায় যাত্রী পরিবহনের জন্য বাড়ি থেকে বাবার ভ্যানগাড়ি নিয়ে বের হয় সে।